# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
**কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২)**

নং- প্রকা/হিসাব-(শাখা-২)/২০২১-২০২২/৩২৭৬ তারিখ ঃ ১৩-০৬-২০২২খ্রিঃ

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
ও
সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **০১-০৭-২০২১ হতে ৩০-০৬-২০২২ পর্যন্ত সময়কালের সাধারণ ভবিষ্য তহবিল প্রতিবেদন এবং ক্রেডিট এ্যাডভাইস** প্রেরণ প্রসঙ্গে।

শিরোনামে বর্ণিত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। চলতি জুন/২০২২ মাসের বেতন ভাতাদি ২০-০৬-২০২২ তারিখে প্রদান করা হবে। এতদপ্রেক্ষিতে বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ও শাখাসমূহ বর্তমান অর্থবছরের অর্থাৎ ০১-০৭-২০২১ হতে ৩০-০৬-২০২২ পর্যন্ত সময়কালের সাধারণ ভবিষ্য তহবিল প্রতিবেদন সহকারে ক্রেডিট এ্যাডভাইস ২৩-০৬-২০২২ তারিখের মধ্যে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবেন।

০৩। মুখ্য আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক কার্যালয় উপরোক্ত কার্যালয় ও শাখাসমূহ হতে প্রাপ্ত প্রতিবেদন ও ক্রেডিট এ্যাডভাইস যাচাই বাছাই পূর্বক শাখাওয়ারী কোডভিত্তিক তালিকা প্রস্তুত করে **২৬-০৬-২০২২ তারিখের মধ্যে** প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) এ প্রেরণ করবেন।

০৪। কর্পোরেট শাখাসমূহ একইভাবে ২৬-০৬-২০২২ তারিখের মধ্যে প্রতিবেদন ও ক্রেডিট এ্যাডভাইস প্রেরণ করবেন।

০৫। **সাধারণ ভবিষ্য তহবিল চাঁদার ক্রেডিট এ্যাডভাইস ও প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে নির্দেশনাসমূহঃ**

০১। প্রতিবেদন লিগ্যাল সাইজের কাগজে হতে হবে।
০২। চাঁদার এ্যাডভাইস স্থানীয় মুখ্য কার্যালয় (৪০০১), ঢাকার উপর ইস্যু করতে হবে।
০৩। প্রতিবেদনে শাখা/কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী, সূচক নং ইত্যাদি সম্পূর্ণ সঠিক নিশ্চিত হয়ে (প্রতিবেদনের মোট টাকার সাথে ক্রেডিট এ্যাডভাইসের টাকা মিল) ০২ জন অনুমোদিত কর্মকর্তার নামের সীল এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক স্বাক্ষর থাকতে হবে।
০৪। ভবিষ্য তহবিল ও বদান্য তহবিলের চাঁদার টাকা একই এ্যাডভাইসে প্রেরণ করা যাবে না।

০৬। এতদবিষয়ে প্রয়োজনীয় কোন তথ্যের প্রয়োজন হলে অত্র বিভাগের উর্ধতন কর্মকর্তা জনাব মোঃ তফাজ্জল হোসেন (মোবাইল নং- ০১৭৬৬২৮০৯২৮) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

বিশেষ দ্রষ্টব্য ঃ (ক) অত্র বিভাগ কর্তৃক জারীকৃত পত্র নং- প্রকা/হিসাব(শাখা-২)/২০২০-২০২১/৩৬৩২ তারিখ- ২৩-০৫-২০২১ এর নির্দেশনাসমূহ দেখা যেতে পারে।
(খ) এতদসঙ্গে প্রতিবেদনের ছক (পরিশিষ্ট-ক) প্রেরণ করা হলো।
(গ) ০১. অঞ্চলাধীন প্রতিটি শাখা/ কার্যালয় (প্রধান শাখা ব্যতীত) জুলাই হতে ডিসেম্বর এবং জানুয়ারী হতে জুন পর্যন্ত সময়কালে কর্মচারী কল্যাণ (বদান্য) তহবিল চাঁদার এ্যাডভাইস ১১৫- আঞ্চলিক সাধারণ হিসাব অঞ্চলের প্রধান শাখার উপর ইস্যু করতে হবে।
০২. প্রধান শাখা অঞ্চলাধীন সকল শাখা/ কার্যালয়ের চাঁদা (প্রধান শাখাসহ) একীভুত করে একটিমাত্র ক্রেডিট এ্যাডভাইস স্থানীয় মুখ্য কার্যালয় (৪০০১)এর উপর ইস্যু করে পঞ্জিকা বছরের জানুয়ারী ও জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) এ প্রেরণ করতে হবে।

সংযুক্তি ঃ বর্ণনামতে।

১৬.০৬.২০২২

(খান তামজিদ আহমেদ)
উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকা/হিসাব-(শাখা-২)/২০২১-২০২২/৩২৭৬ (১২৫০) তারিখ ঃ ১৩-০৬-২০২২খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ -
০১। সকল ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়।
০২। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা; **পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।**
০৩। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
০৪। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
০৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।